

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[আয়কর]

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ জ্যৈষ্ঠ, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ মে, ২০১৯ খ্রিষ্টাব্দ

এস, আর, ও, নং ১৩২-আইন/আয়কর/২০১৯।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, স্বর্ণ নীতিমালা ২০১৮ এর অনুচ্ছেদ ২ এর দফা (ক) তে সংজ্ঞায়িত অনুমোদিত ডিলার এবং অনুচ্ছেদ ৩.৭ এর শর্ত পূরণ সাপেক্ষে, কোনো স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারী কর্তৃক অঘোষিত ও মজুদকৃত এবং উক্ত নীতিমালার আওতায় ঘোষিত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড ডায়মন্ড এবং রৌপ্যের উপর প্রদেয় আয়কর হ্রাস করিয়া নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে প্রতি ভরি স্বর্ণ ও স্বর্ণালঙ্কারের জন্য এক হাজার টাকা, প্রতি ক্যারেট কাট ও পোলিশড ডায়মন্ডের জন্য ছয় হাজার টাকা, প্রতি ভরি রৌপ্যের জন্য পঞ্চাশ টাকা নির্ধারণ করিল, যথা :—

শর্তসমূহ

- (ক) সংশ্লিষ্ট ডিলার, স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারীকে Taxpayer's Identification Number (TIN) গ্রহণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে;
- (খ) সংশ্লিষ্ট ডিলার, স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারীকে ৩০ জুন, ২০১৯ তারিখের মধ্যে অঘোষিত এবং মজুদকৃত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড ডায়মন্ড এবং রৌপ্য সম্পর্কে ঘোষণা প্রদান করিয়া উল্লিখিত হারে কর পরিশোধ করিতে হইবে;

(১৬২৯৯)

মূল্য : টাকা ৪.০০

- (গ) এই প্রজ্ঞাপনের আওতায় ঘোষিত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড ডায়মন্ড এবং রৌপ্যের বিস্তারিত তথ্য ও কর পরিশোধের চালান সংশ্লিষ্ট ডিলার, স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারীর আয়কর রিটার্নের সহিত দাখিল করিতে হইবে; এবং
- (ঘ) এই প্রজ্ঞাপনের আওতায় ঘোষিত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড ডায়মন্ড এবং রৌপ্যের পরিমাণ সংশ্লিষ্ট ডিলার, স্বর্ণ ব্যবসায়ী বা স্বর্ণালঙ্কার প্রস্তুতকারীর ব্যবসার হিসাব বহিতে পৃথকভাবে মজুদ (Inventory) লিপিবদ্ধ করিতে হইবে উক্ত মজুদ (Inventory) হইতে বিক্রয়ের পরিমাণ (ভরি/ক্যারেট) ও মূল্য সংক্রান্ত তথ্য আয়কর রিটার্নের সহিত দাখিল করিতে হইবে।
- ২। এই প্রজ্ঞাপনের আওতায় ঘোষিত এবং কর পরিশোধিত স্বর্ণ ও স্বর্ণালঙ্কার, কাট ও পোলিশড ডায়মন্ড এবং রৌপ্যের অর্জনমূল্য এবং অর্জনকালের উপর আয়কর কর্তৃপক্ষ কর্তৃক কোনোরূপ প্রশ্ন উত্থাপন করা যাইবে না।
- ৩। এই প্রজ্ঞাপন ৩০ জুন, ২০১৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।